# সৌদিতে ক্ষেপণাস্ত্র বিস্ফোরণে দগ্ধ প্রবাসী মামুনের মৃত্যু



নিহত মামুন। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব-এর আল খারিজ শহরে ক্ষেপণাস্ত্র বিস্ফোরণের ঘটনায় গুরুতর দগ্ধ হয়ে প্রাণ হারিয়েছেন ময়মনসিংহের এক প্রবাসী কর্মী। তার মৃত্যুর সংবাদ ছড়িয়ে পড়লে নিজ এলাকায় শোকের আবহ তৈরি হয়।

নিহত আব্দুল্লাহ আল মামুন (৩৫) ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার রসুলপুর ইউনিয়নের ভরভরা গ্রামের বাসিন্দা। তিনি শহীদ সওদাগরের ছেলে। বুধবার সকালে পরিবারের পক্ষ থেকে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়।

স্বজনরা জানান, ৮ মার্চ ইফতারের আগে আল খারিজে একটি শ্রমিক আবাসনে বিস্ফোরণের ঘটনা ঘটে। সে সময় সেখানে অবস্থানরত মামুন গুরুতর আহত হন। তিনি আল তোয়াইক বলদিয়া কোম্পানির হয়ে কাজ করতেন। বিস্ফোরণে তার শরীরের বড় অংশ দগ্ধ হয়।

পরে দ্রুত তাকে স্থানীয় ডা. সোলাইমান আল হাবিব হাসপাতাল-এ নেওয়া হলে নিবিড় চিকিৎসা শুরু হয়। লাইফ সাপোর্টে রাখা অবস্থায় মঙ্গলবার গভীর রাতে তার মৃত্যু হয়।

মামুন এক সন্তানের জনক। তার অকাল প্রয়াণে পরিবারে নেমে এসেছে গভীর শোক। মরদেহ দ্রুত দেশে আনার দাবি জানিয়েছেন স্বজনরা।

একই ঘটনায় আরও কয়েকজন বাংলাদেশি হতাহত হয়েছেন বলে জানা গেছে।

LENS ASIA